আজকের কাগজ

তারিখ 25 OCT 1992
পৃষ্ঠা... ৮ ...কলাম ...৩...

101

সন্ত্রাস ও সাম্প্রদায়িকতা প্রতিরোধের প্রত্যয় নিয়ে

# ছাত্রমৈত্রী ও গণতান্ত্রিক ছাত্র ইউনিয়ন এক হলো

কাগজ প্রতিবেদক ঃ শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস ও সমাজ থেকে সাম্প্রদায়িকতার বিষবৃক্ষ উপড়ে ফেলার দৃঢ় প্রত্যয় নিয়ে গতকাল দেশের দুটো প্রগতিশীল ছাত্র সংগঠন বাংলাদেশ ছাত্রমৈত্রী ও গণতান্ত্রিক ছাত্র ইউনিয়নের ঐক্য কাউন্সিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে অনুষ্ঠিত হয়। নির্ধারিত সময়ের বেশ পরে জাতীয় সঙ্গীত ও জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ডঃ সিরাজুল ইসলাম চৌধুরী। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির সভাপতি অমল সেন, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক হায়দার আকবর খান রনো, পাঁচ দলের পক্ষে নির্মল সেন, ছাত্রমৈত্রীর সাবেক সভাপতি ও সাবেক গণতান্ত্রিক ছাত্রঐক্য নেতা জহির উদ্দিন স্বপন, গণতান্ত্রিক ছাত্র ইউনিয়নের সাবেক সভাপতি আকতার সোবহান মাশরুর, গণতান্ত্রিক ছাত্রঐক্যের পক্ষে নাসির-উদ-দুজা ও রাজেকুজ্জামান রতন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি নুর আহমেদ বকুল। সভা পরিচালনা করেন রাগিব আহসান মুন্না।

দেশের বিভিন্ন অঞ্চল থেকে আগত প্রতিনিধি ও উপস্থিত ছাত্র কর্মীতে ঠাসা টিএসসি মিলনায়তনে অনুষ্ঠিত আলোচনা সভায় ডঃ সিরাজুল ইসলাম চৌধুরী বলেন, জাতি এখন একটি সমাজ পরিবর্তনের প্রক্রিয়ার মধ্যে চলছে। এই আন্দোলনকে এগিয়ে নিয়ে যেতে ছাত্রসমাজকে অগ্রণী ভূমিকা নিতে হবে। তিনি আশা প্রকাশ করেন ছাত্রমৈত্রী ও গণতান্ত্রিক ছাত্রঐক্যের ঐক্য কাউন্সিল সে লক্ষ্যে পদক্ষেপ নেবে।

এদিকে বর্তমানে লন্ডনে চিকিৎসাধীন জননেতা রাশেদ খান মেনন ঐক্য কাউন্সিলের সাফল্য কামনা করে একটি অভিনন্দন বার্তা প্রেরণ করেছেন। অভিনন্দন বার্তায় জননেতা মেনন বলেন, আজ যখন ধনীক গোষ্ঠির শাসন সন্ত্রাসকে ছাত্র রাজনীতির নিয়মে পরিণত করেছে। ক্ষমতার প্রয়োজনে ছাত্র সংগঠন সমূহকে পরিণত করেছে তাদের আঁচলের দাসে। প্রতিক্রিয়াশীল ধ্যান-ধারণা সকল আদর্শকে গ্রাস করছে তখন এই ঐক্যবদ্ধ সংগঠন ধনীক গোষ্ঠি ও তাদের আন্তর্জাতিক মুরুব্বীদের সকল ষড়যন্ত্র পরাজিত করবে। ছাত্র আন্দোলনের স্বকীয়তা স্বাধীনতাকে ফিরিয়ে এনে তাকে তার অতীত সংগ্রামী ঐতিহ্য পুনঃপ্রতিষ্ঠিত করবে। সমাজতন্ত্রের বিপর্যকে কেন্দ্র করে ছড়ানো হতাশাকে পরাজিত করে প্রগতির আদর্শকে সমুন্নত রাখবে।

ঐক্য কাউন্সিল দুই ছাত্র সংগঠন বাংলাদেশ ছাত্রমৈত্রী নামে একটি সংগঠনে একীভূত হয়েছে। এই একীভূত ছাত্রমৈত্রীর ৩৯ সদস্যবিশিষ্ট নয়া কেন্দ্রীয় কমিটি নির্বাচিত হয়েছে। এ নয়া কেন্দ্রীয় কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন রাগিব আহসান মুন্না, সাধারণ সম্পাদক মাহমুদুল হাসান বুলু ও সাংগঠনিক সম্পাদক নির্বাচিত হয়েছেন হেলাল উদ্দিন। কাউন্সিলে সংগঠনের নয়া ঘোষণা কর্মসূচি গঠনতন্ত্র গৃহীত হয়েছে।